তারিখ 29 MAR 1991
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক খবর

# অভিযোগ সম্পূর্ণ বানোয়াট

## —ঢাকা ভার্সিটি

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দৈনিক খবর-এ প্রকাশিত ২টি সংবাদের প্রতিবাদ জানিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসার জানানঃ ১৬ই মার্চ, ১৯৯১

*শেষ পৃষ্ঠায় ৮ম কলামে*

## অভিযোগ সম্পূর্ণ

*প্রথম পৃষ্ঠার পর*

শনিবার প্রকাশিত দৈনিক খবর-এর সংখ্যায় 'অধ্যাপক মান্নান ১৪ মাস পরেও প্রাধ্যক্ষের বাসাটি পাচ্ছেন না' শিরোনামে 'উপাচার্য সকল ক্ষেত্রে দলীয়করণ করছেন' বলে যে অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত। অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা উপাচার্য হিসেবে নিয়োগ লাভের পর যে সমস্ত প্রভোস্ট নিয়োগদান করেছেন তাদের মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট বিশ্ববিদ্যালয়ে নীল দল বলে কথিত দলটির মনোনীত প্রার্থী হয়ে সিনেটের একজন নির্বাচিত সদস্য। এছাড়া গত এপ্রিল মাসে তিনি জসীমউদ্দিন হলের প্রভোস্ট এবং গত জানুয়ারী মাসে ফজলুল হক হলের প্রভোস্টদের নতুনভাবে নিয়োগদান করেছেন। এরা উভয়েই গোলাপী দলের সমর্থক। উপরন্তু বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের প্রভোস্টের পদ খালি হলে যাকে তিনি প্রথমে এই পদ গ্রহণ করতে অনুরোধ করেন, তিনি হলেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক হামিদা আখতার বেগম, যিনি বিগত দিনে বিভিন্ন নির্বাচনে নীল দলের মনোনীত প্রার্থী ছিলেন। অতএব, সাদা দলের শিক্ষকদের প্রভোস্ট নিয়োগ করে তিনি দলীয়করণ করছেন- এটা সম্পূর্ণ বানোয়াট। প্রতিবেদক বর্তমান উপাচার্যের আগের সাত বছরে প্রভোস্টদের নিয়োগ কাদের কাদের করা হয়েছিল এবং তারা কোন দলের সমর্থক ছিলেন এই চিত্র যদি দিতেন তাহলে তার সাংবাদিক সততার পরিচয় মিলতো। প্রতিবেদক এ সম্পর্কেও জনগণকে অবহিত করবেন বলে প্রতিবাদলিপিতে উল্লেখ করা হয়েছে।

আরেকটি পৃথক প্রতিবাদলিপিতে জনসংযোগ অফিসার বলেন, দৈনিক খবর-এর ১০-৩-৯১ তারিখের সংখ্যায় 'মঙ্গলবার ঢাকা ভার্সিটি সিনেট ও গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন' শিরোনামে যে প্রতিবেদন প্রকাশিত হয়েছে তার একাংশে একটি প্যানেল উপাচার্য সমর্থিত বলে উল্লেখ করা হয়েছে। এটি সম্পূর্ণ ভিত্তিহীন, মিথ্যা এবং উদ্দেশ্যপ্রণোদিত।